

💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ৬৫৭

৬/ স্বলাত (নামায)

পরিচ্ছেদঃ নামাযে সুরা ফাতিহার গুরুত্ব

আরবী

عَنْ أَبِيْ بْنِ كَعْبِ قال قال له رسول الله عَلَيْهِ كَيْفَ تَقْرَأُ فِي الصَّلاَةِ قَالَ: فَقَرَأً أُمَّ الْقُرْانِ فَقَالَ رَسُولُ اللهِ صلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ وَالَّذِى نَفْسِى بِيَدِهِ مَا أُنْزِلَتْ فِي التَّوْرَاةِ وَلاَ فِي النَّوْرَاةِ وَلاَ فِي الْفُرْقَانِ مِثْلُهَا وَإِنَّهَا سَبْعٌ مِنَ الْمَثَانِى وَالْقُرْانُ الْعُظِيمُ الَّذِى أُعْطِيتُهُ الْعَظِيمُ الَّذِى أُعْطِيتُهُ

বাংলা

(৬৫৭) উবাই বিন কা'ব (রাঃ) হতে বর্ণিত, একদা আল্লাহর রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাঁকে বলেন, তুমি নামাযে কীভাবে পড়? তিনি সূরা ফাতিহা পাঠ করলেন। অতঃপর রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, উম্মুল কুরআন (কুরআনের জননী সূরা ফাতিহা)র মত আল্লাহ আয়া অজাল্ল তাওরাতে ও ইঞ্জিলে কোন কিছুই অবতীর্ণ করেননি। এই (সূরাই) হল (নামাযে প্রত্যেক রাকআতে) পঠিত ৭টি আয়াত এবং মহা কুরআন, যা আমাকে দান করা হয়েছে।

ফুটনোট

(আহমাদ ৯৩৪৫, তিরমিয়ী ২৮৭৫, নাসাঈর কুবরা ১১২০৫, হাকেম ৩০১৯, মিশকাত ২১৪২)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী \square বর্ণনাকারীঃ উবাই ইবনু কা'ব (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন